

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date: 23.11.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যের ৬ টি বিধানসভা আসনের উপনির্বাচনে শাসক তৃণমূল কংগ্রেস সবকটিতেই জয়ী হয়েছে। হাড়োয়া ও সিতাই কেন্দ্রে বিজেপি প্রার্থীর এবং সবকটি আসনেই বামফ্রন্ট, বামফ্রন্ট সমর্থিত সিপিআইএমএল লিবারেশন এবং কংগ্রেস প্রার্থীর জামানত বাজেয়াপ্ত হয়েছে।

২) তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেছেন, এই জন সমর্থন, আগামী দিনে দলকে আরও সক্রিয়ভাবে মানুষের কাজ করার জন্য উৎসাহ যোগাবে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, রাজ্যে উপনির্বাচনের পরিবেশ নেই। তবে দলীয় সংগঠনকেও শক্তিশালী করতে হবে।

৩) ঝাড়খণ্ডে জেএমএম কংগ্রেস জোট এবং মহারাষ্ট্রে বিজেপি জোট আবার ক্ষমতায় ফিরতে চলেছে।

৪) রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস, মুখ্যমন্ত্রীকে অতীতের মতপার্থক্য ভুলে পারস্পারিক সহযোগিতার ভিত্তিতে এগিয়ে যাওয়ার আহ্বান জানিয়েছেন।

৫) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠান।

৬) যুবভারতী ক্রীড়াঙ্গনে আইএসএল ফুটবল ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট জামশেদপুর এফসির মুখোমুখি হয়েছে।

রাজ্যের ৬ বিধানসভা আসনের উপনির্বাচনে শাসক তৃণমূল কংগ্রেস সবকটিতেই জয়ী হয়েছে। মাদারিহাট বাদে ৫ টি আসন অবশ্য তৃণমূল কংগ্রেসের দখলেই ছিল। এবারের উপনির্বাচনে হাড়োয়া ও সিতাই কেন্দ্রে বিজেপি প্রার্থীর জামানত জব্দ হয়েছে।

অন্যদিকে, বামফ্রন্ট, বামফ্রন্ট সমর্থিত সিপিআইএমএল লিবারেশন এবং কংগ্রেস প্রার্থীরা সবকটি আসনেই জামানত খুইয়েছেন।

৬ টি আসনের মধ্যে ৫ টি তে বিজেপি প্রার্থীরা দ্বিতীয় স্থানে থাকলেও হাড়োয়াতে তাঁরা তৃতীয় স্থানে নেমে গেছেন। এখানে দ্বিতীয় স্থানে রয়েছে আইএসএফ।

উত্তর ২৪ পরগণার হাড়োয়া কেন্দ্রে শাসক দলের প্রার্থী শেখ রবিউল ইসলাম জয়ী হয়েছেন। তিনি তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী আইএসএফ প্রার্থী পিয়ারুল ইসলামকে এক লক্ষ ৩১ হাজারেরও বেশি ভোটে হারিয়ে দিয়েছেন। শেখ রবিউল পেয়েছেন এক লক্ষ ৫৭ হাজার ৭২ ভোট। পিয়ারুল ইসলাম পেয়েছেন, ২৫ হাজার ৬৮৪ ভোট। বিজেপির বিমল দাস পেয়েছেন, ১৩ হাজার ৫৭০ ভোট।

জেলার নৈহাটিতে তৃণমূল কংগ্রেস প্রার্থী সনৎ দে তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী বিজেপি-র রূপক মিত্রকে ৪৯ হাজারের বেশি ভোটে হারিয়ে দিয়েছেন। শ্রী দে পেয়েছেন, ৭৮ হাজার ৭৭২ ভোট। এই আসনে তৃতীয় ও চতুর্থ স্থানে আছেন সিপিআইএমএল লিবারেশন এবং কংগ্রেস প্রার্থীরা।

বাঁকুড়ার তালডাংরা আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী ফাল্গুণী সিংহ বাবু তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী বিজেপি-র অনন্যা রায় চক্রবর্তীকে ৩৪ হাজারেরও বেশি ভোটে হারিয়ে দিয়েছেন। ফাল্গুণী সিংহ বাবু পেয়েছেন ৯৮ হাজার ৯২৬ ভোট। বিজেপি প্রার্থী পেয়েছেন ৬৪ হাজার ৮৪৪ ভোট।

পশ্চিম মেদিনীপুর জেলার মেদিনীপুর আসনের উপ-নির্বাচনে তৃণমূল কংগ্রেস প্রার্থী সুজয় হাজারা তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী বিজেপি প্রার্থী শুভজিত্ রায়কে প্রায় ৩৪ হাজার ভোটে হারিয়ে দিয়েছেন। সুজয় বাবু পেয়েছেন, এক লক্ষ ১৫ হাজারের কিছু বেশি ভোট। শুভজিত্ রায় পেয়েছেন ৮১ হাজার ১০৮ ভোট। তৃতীয় ও চতুর্থ স্থানে রয়েছে সিপিআই ও কংগ্রেস।

কোচবিহারের সিতাই সংরক্ষিত আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী সঙ্গীতা রায় বিজেপি-র দীপক কুমার রায়কে ১ লক্ষ ৩০ হাজারের বেশি ভোটে হারিয়ে জয়ী হয়েছেন। তৃণমূল কংগ্রেস প্রার্থী পেয়েছেন, প্রায় ১ লক্ষ ৬৬ হাজার ভোট। এই আসনে তৃতীয় ও চতুর্থ স্থানে রয়েছে কংগ্রেস ও বাম প্রার্থী। এখানে মোট ৭ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় ছিলেন। পরাজিত সব প্রার্থীরই এখানে জামানত বাজেয়াপ্ত হয়েছে।

আলিপুরদুয়ারের মাদারিহাট সংরক্ষিত আসনে তৃণমূল কংগ্রেসের জয় প্রকাশ টোপ্পো ২৮ হাজারেরও কিছু বেশি ভোটে বিজেপির রাহুল লোহরকে হারিয়ে দিয়েছেন। এই আসনে তৃতীয় স্থানে আছেন নির্দল প্রার্থী।

২০১৬ এবং ২০২১-এর বিধানসভা নির্বাচনে মাদারিহাট আসনটি বিজেপি-র দখলে ছিল।

রাজ্যের ছয় বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনে নিরঙ্কুশ জয়ের জন্য সাধারণ মানুষকে ধন্যবাদ জানিয়েছেন তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন, তৃণমূল কংগ্রেস জমিদার নয়, স্থানীয় মানুষের পাহারাদার হিসাবে কাজ করবে। এই জন সমর্থন আগামী দিনে আরো সক্রিয়ভাবে মানুষের কাজ করার জন্য উৎসাহ যোগাবে দলকে।

দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় তৃণমূল কংগ্রেস প্রার্থীদের শুভেচ্ছা জানিয়ে প্রথমবার জয়ের জন্যে মাদারিহাটের মানুষকে বিশেষভাবে ধন্যবাদ জানিয়েছেন।

তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন, শাসক দলের প্রতি আস্থার প্রতিফলন ঘটেছে এই ফলাফলে।

বাইট কুনাল

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দলীয় সংগঠনকে আরও শক্তিশালী হতে হবে বলে মন্তব্য করেছেন। তিনি বলেছেন, রাজ্যে উপনির্বাচনের পরিবেশ নেই। উপনির্বাচনে সঠিকভাবে ভোটও হয় না।

বাইট শুভেন্দু

প্রবীণ কংগ্রেস নেতা, প্রাক্তন সাংসদ অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, তৃণমূল কংগ্রেস সরকার মানুষকে সরকারি টাকায় সাহায্য পাইয়ে দেওয়ার ব্যবস্থা করেছে। এতেই সুবিধা হয়েছে শাসকদলের।

বাইট অধীর

সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেছেন, রাজ্যে উপনির্বাচনের ফল বরাবরই শাসকদলের পক্ষে যায়। তৃণমূলের ভোট বাড়ে না, বাড়ানো হয় বলে তাঁর দাবি।

বাইট সুজন

ঝাড়খণ্ড বিধানসভা নির্বাচনে জেএমএম জোট আবার ক্ষমতায় আসতে চলেছে। ৮১ আসন বিশিষ্ট ঝাড়খণ্ড বিধানসভা নির্বাচনে শাসক জেএমএম ২৩ টি আসনে জয়ী হয়েছে, ১১ টি তে এগিয়ে আছে। জাতীয় কংগ্রেস ১১ টি আসনে জয়ী হয়েছে, ৫ টি

আসনে এগিয়ে রয়েছে। আর জে ডি দুটি আসনে জয়ী হয়েছে, দুটি আসনে এগিয়ে আছে। সিপিআইএমএল লিবারেশন দুটি আসনে জয়ী হয়েছে।

অন্যদিকে বিজেপি ১৫ টি আসনে জয়ী হয়েছে এবং ৬ টি আসনে এগিয়ে রয়েছে। আজসু একটি এবং এলজেপিআরভি একটি আসনে জয়ী হয়েছে।

মহারাষ্ট্র বিধানসভা নির্বাচনে বিজেপির মহাযুতি জোট বিপুল সংখ্যাগোরিষ্ঠতায় ক্ষমতায় ফিরে আসতে চলেছে। এপর্যন্ত পাওয়া ফলাফল অনুযায়ী বিজেপি ৮৯ টি আসনে জয়ী হয়েছে, ৪৪ টি আসনে এগিয়ে আছে। শিবসেনা এসএইচএস ৪২ টি আসনে জয়ী হয়েছে, এগিয়ে রয়েছে ১৫ টি তে। এনসিপি ৩৪ টি আসনে জয়ী হয়েছে, ৭টি তে এগিয়ে আছে।

অন্যদিকে বিরোধী মহাবিকাশ আঘাড়ির শিবসেনা ইউবিটি ১৭ টি আসনে জয়ী হয়েছে, এগিয়ে রয়েছে ৩টিতে। কংগ্রেস জয়ী হয়েছে ১০ টি আসনে, এগিয়ে আছে ৫টি তে। এনসিপি শরদ পাওয়ার ৬ টি আসনে জয়ী হয়েছে, ৪টি তে এগিয়ে রয়েছে।

কেরালার ওয়েনাড় লোকসভা আসনের উপনির্বাচনে কংগ্রেস নেত্রী প্রিয়ান্কা গান্ধী জয়ী হয়ে প্রথমবার সংসদে যাচ্ছেন। প্রিয়ান্কা সিপিআই প্রার্থীকে ৪ লক্ষ ১০ হাজারেরও বেশি ভোটে হারিয়ে দিয়েছেন। রাহুল গান্ধী ওয়েনাড় আসনটি ছেড়ে দেওয়ায় সেখানে উপনির্বাচন হয়।

মহারাষ্ট্রের নানদেড় লোকসভা আসনের উপনির্বাচনে বিজেপি এগিয়ে আছে।

রাজ্যপাল পদে তৃতীয় বছরের সূচনা উপলক্ষে ডক্টর সিভি আনন্দ বোস, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে অতীতের মতপার্থক্য ভুলে পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে এগিয়ে যাওয়ার আহ্বান জানিয়েছেন। এই উপলক্ষে তিনি উপহার সহ মুখ্যমন্ত্রীর কাছে একটি চিঠি পাঠিয়েছেন বলে রাজবন সূত্রে খবর। সেখানে রাজ্যপাল পদে শপথ নেওয়ার সময় মুখ্যমন্ত্রীর সঙ্গে তাঁর মধুর সম্পর্কের কথা উল্লেখ করে ডক্টর বোস বলেছেন, গত দু'বছর রাজ্য সরকারের কাছ থেকে যে সহযোগিতা তিনি পেয়েছেন তা অভাবনীয়। আগামীতেও তা বজায় থাকবে বলে রাজ্যপাল আশা প্রকাশ করেছেন। যেটুকু মতভেদ রয়েছে তা ভুলে সত্ত্বর রাজভবনে আসার জন্যও মুখ্যমন্ত্রীকে আমন্ত্রণ জানান তিনি। রাজ্যপালের উপহারের পাল্টা হিসেবে মুখ্যমন্ত্রীর তরফেও তাঁকে শুভেচ্ছাবার্তা ও মিষ্টি পাঠানো হয়েছে বলে জানা গেছে। পরে রাজ্যপাল জানান, ফোনেও তাঁর সঙ্গে মুখ্যমন্ত্রীর এই বিষয়ে কথা হয়েছে।

এদিকে, রাজ্যপাল পদে সিভি আনন্দ বোসের তৃতীয় বছরের সূচনা পর্বকে স্মরণীয় করে রাখতে আজ দিনভর রাজভবনে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। সকালে প্রধানমন্ত্রীর এক পেড় মা কি নাম কর্মসূচির আওতায় রাজভবন চত্বরে বৃক্ষ রোপণ করা হয়। জাতীয় সংগ্রহশালা, ভিক্টোরিয়া মেমোরিয়াল সহ বিভিন্ন কেন্দ্রীয় সরকারী প্রতিষ্ঠানের কর্ণধাররা রাজ্যপালকে সম্বর্ধনা জ্ঞাপন করেন। পিছিয়ে পড়া এলাকার পড়ুয়াদের নিয়ে আয়োজিত হয় বসে আঁকা প্রতিযোগিতাও। একটি চিত্র প্রদর্শনীও তিনি উদ্বোধন করেন। দুপুরে বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের কৃত্রিম অঙ্গ উপহার দেওয়া হয়। রাজ্যপাল বলেন, বাংলাকে সর্বাঙ্গীণ উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যেতে তাঁর নিরন্তর প্রয়াস আগামী দিনেও চলবে।

বাইট রাজ্যপাল

সন্ধ্যায় রাজভবনে এক বর্ণময় সাংস্কৃতিক অনুষ্ঠানে সমাজের বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্ট ব্যক্তিদের উপস্থিতিতে গ্রাউন্ড “জিরো গভর্নর” ও “ব্রেক অ্যান্ড ব্রেক থ্রু” শীর্ষক রাজ্যপাল সিভি আনন্দ বোসের লেখা দুটি বই প্রকাশ করেন বিশিষ্ট নৃত্য শিল্পী মমতা শংকর।

উল্লেখ্য, গতকালই রাজ্যপাল পদে সিভি আনন্দ বোস দু বছর সম্পূর্ণ করেছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে এই অনুষ্ঠানের ১১৬-তম পর্ব।

আগামীকাল বেলা ১১-টা থেকে আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত চ্যানেলে শোনা যাবে প্রধানমন্ত্রীর মন কি বাত। এআইআর নিউজ ও dd news এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube চ্যানেল, এআইআর ওয়েবসাইট ও নিউজ অন এআইআর মোবাইল অ্যাপেও সরাসরি শুনতে পাবেন এই অনুষ্ঠান।

রাজ্যে সরকারি অনুদানে চলা প্রতিষ্ঠান ও সংস্থার কর্মচারী, শিক্ষক, আধিকারিকরা এখন থেকে জেনারেল প্রভিডেন্ট ফান্ড বা জিপিএফ তহবিলে বছরে ৫ লক্ষ টাকার বেশি জমা করতে পারবেন না। রাজ্য অর্থ দফতর এই মর্মে একটি বিজ্ঞপ্তি জারি করেছে। সরকারি কর্মী ও আধিকারিকদের জন্য এই নির্দেশ গত বছরই জারি করা হয়েছিল। এবার সরকারি অনুদান প্রাপ্ত সংস্থার কর্মীদের জন্য একই নিয়ম কার্যকর করা হচ্ছে।

শিলিগুড়ির আশিঘর ফাঁড়ি এলাকায় চার বছরের শিশুকন্যাকে ধর্ষনের অভিযোগে প্রতিবেশী এক কিশোরকে পুলিশ গ্রেপ্তার করেছে। টিভি দেখানোর নাম করে শিশুটিকে নিজের বাড়িতে নিয়ে গিয়ে ১৪ বছরেও ঐ কিশোর ধর্ষণ করে বলে অভিযোগ। বর্তমানে শিশুটি শিলিগুড়ি জেলা হাসপাতালে চিকিৎসাধীন।

যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএলের ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট, জামশেদপুর এফ সি,র মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে মোহনবাগান ১-০ তে এগিয়ে রয়েছে। গোল করেছেন আলড্রেড।

মোহনবাগান সাত ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার দ্বিতীয় স্থানে রয়েছে। সপ্তম স্থানে থাকা জামশেদপুর এফ সি, র সমসংখ্যক ম্যাচে পয়েন্ট ১২।
